

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
অধিশাখা-৭ (কলেজ-২)  
[www.moedu.gov.bd](http://www.moedu.gov.bd)

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০১০.১২.

তারিখঃ ০৪ আষাঢ় ১৪২৪  
১৮ জুন ২০১৭

**প্রজ্ঞাপন**

যেহেতু বি.সি.এস. (সাধারণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তা জনাব মোঃ শরীফ হোসেন, প্রভাষক (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি), সুনামগঞ্জ সরকারি মহিলা কলেজ, সুনামগঞ্জ গত ১৪/০৯/২০১১ তারিখ হতে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) অনুযায়ী “অসদাচরণ” ও “ডিজারশন” এর অভিযোগে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়। তিনি নোটিশের জবাব প্রদান করেননি। পরবর্তীতে জেলা প্রশাসক, চাঁদপুরকে অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ঠিকানায় জারি করে রিটার্ন দাখিল করার জন্য অনুরোধ করা হলে জেলা প্রশাসক জানান যে, জনাব শরীফ হোসেন, পিতা-তমিজ উদ্দিন বর্তমানে ইসলামি ব্যাংক, ঢাকায় কর্মরত আছেন। নোটিশটি স্বাক্ষরগনের মোকাবেলায় অভিযুক্তের মা মিসেস রাসিদা বেগম গ্রহণ করেন। বিধি অনুযায়ী তদন্তের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। তদন্তে তার বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণ হয় এবং তাঁকে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশটি প্রদান করা হয়। দ্বিতীয় কারণ দর্শানো নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান কর্মস্থলের ঠিকানায় প্রেরণ করা হয়। কিন্তু দ্বিতীয় কারণ দর্শানো নোটিশটি বিনা জারিতে ফেরত আসে;

যেহেতু, জনাব মোঃ শরীফ হোসেন এর আলোচ্য বিভাগীয় মামলা সংক্রান্ত সকল রেকর্ডপত্র পর্যালোচনান্তে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণ হওয়ায় তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ৪(৩) (সি) অনুযায়ী "চাকুরি হতে অপসারণ (Removal from Service)" করার উক্ত সিদ্ধান্তে বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন একমত পোষণ করে এবং মহামান্য রাষ্ট্রপতিও সদয় অনুমোদন করেছেন;

সেহেতু, জনাব মোঃ শরীফ হোসেন, প্রভাষক (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি), সুনামগঞ্জ সরকারি মহিলা কলেজ, সুনামগঞ্জকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ৪(৩) (সি) অনুযায়ী "চাকুরি হতে অপসারণ (Removal from Service)" করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

স্বাক্ষরিত/-

তারিখঃ ১৩/০৬/২০১৭

(মোঃ সোহরাব হোসাইন)

সচিব

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০১০.১২. ৩৭০/০(৬)

তারিখঃ ০৪ আষাঢ় ১৪২৪  
১৮ জুন ২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। সচিব, বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (জনাব মোঃ শরীফ হোসেনএর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। অধ্যক্ষ, সুনামগঞ্জ সরকারি মহিলা কলেজ, সুনামগঞ্জ।
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।
- ৮। জনাব মোঃ শরীফ হোসেন, প্রভাষক (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি), সুনামগঞ্জ সরকারি মহিলা কলেজ, সুনামগঞ্জ।

স্বাক্ষর  
১৮ জুন ১৭

(আবু কায়সার খান)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন: ৯৫৫৩২৭৬